## অধ্যায়-১১ সময়

### ❑ এ অধ্যায়ে জানতে পারব

- সময় পরিমাপের বিভিন্ন একক এবং তাদের আন্তঃসম্পর্ক
- বিভিন্ন এককে প্রকাশিত সময়কে একটি নির্দিষ্ট এককে রূপান্তর সম্পর্কে
- সময়ের যোগ-বিয়োগ সম্পর্কে
- দৈনন্দিন জীবনে ব্যবহৃত সময়-সংক্রান্ত বিভিন্ন প্রকার সমস্যার সমাধান সম্পর্কে

## গুরুত্বপূর্ণ তথ্য

### ◙ সময় পরিমাপের একক :

| সময় পরিমাপের একক | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬০ সেকেন্ড | = | ১ মিনিট | ৩০ দিন | = | ১ মাস |
| ৬০ মিনিট | = | ১ ঘণ্টা | ১২ মাস | = | ১ বছর |
| ২৪ ঘণ্টা | = | ১ দিন | ১২ বছর | = | ১ যুগ |
| ৭ দিন | = | ১ সপ্তাহ | ১০০ বছর | = | ১ শতাব্দী |
| **৩৬৫ দিন = ১ বছর** | | | | | |

### ◙ যোগ :

| মাস | দিন | ঘণ্টা | মিনিট | সেকেন্ড |
|---|---|---|---|---|
| ২ | ২৯ | ১৭ | ৪৮ | ১৮ |
| ১ | ১৩ | ১৮ | ৩৭ | ৫৫ |
| ৪ | ১৩ | ১২ | ২৬ | ১৩ |

**যোগফল:** ৪ মাস ১৩ দিন ১২ ঘণ্টা ২৬ মিনিট ১৩ সেকেন্ড

**[সেকেন্ড]** ১৮ + ৫৫ = ৭৩ এবং ৭৩ = ৬০ + ১৩। সুতরাং ১ মিনিট হাতে রয়েছে এবং সেকেন্ডের ঘরে ১৩ বসবে।

**[মিনিট]** মিনিটের ঘরে ৪৮ + ৩৭ +১ = ৮৬। ৬০ মিনিট = ১ ঘণ্টা; সুতরাং ৮৬ মিনিট = ১ ঘণ্টা ২৬ মিনিট। কাজেই মিনিটের ঘরে ২৬ বসেছে, ১ ঘণ্টা হাতে থাকবে।

**[ঘণ্টা]** ১ ঘণ্টা ঘণ্টার ঘরে যোগ হয়ে সেখানে ১৭ + ১৮ + ১ = ৩৬ হয়েছে। ২৪ ঘণ্টা = ১ দিন। সুতরাং ৩৬ ঘণ্টা = ১ দিন ১২ ঘণ্টা। তাই ঘণ্টার ঘরে ১২ বসানো হয়েছে এবং ১ দিন থাকবে।

**[দিন]** দিনের ঘরে ১ যোগ হয়ে ২৯ + ১৩ + ১ = ৪৩ দিন হয়েছে। ১ মাস = ৩০ দিন; সুতরাং ৪৩ দিন = ১ মাস ১৩ দিন। তাই দিনের ঘরে ১৩ বসানো হয়েছে এবং হাতে ১ মাস থাকবে।

**[মাস]** ২ + ১ + ১ = ৪ মাস।

### ◙ বিয়োগ :

| সপ্তাহ | দিন | ঘণ্টা | মিনিট | সেকেন্ড |
|---|---|---|---|---|
| ৬৮ | | ১০ | ২৮ | |
| ~~৬৯~~ | ৫ | ~~১১~~ | ~~২৯~~ | ২৭ |
| ৩৮ | ৬ | ৭ | ৫৪ | ৪৫ |

→

| সপ্তাহ | দিন | ঘন্টা | মিনিট | সেকেন্ড |
|---|---|---|---|---|
| ৬৮ | ১২ | ১০ | ৮৮ | ৮৭ |
| ৩৮ | ৬ | ৭ | ৫৪ | ৪৫ |
| ৩০ | ৬ | ৩ | ৩৪ | ৪২ |

বিয়োগফল = ৩০ ৬ ৩ ৩৪ ৪২

**বিকল্প সমাধান :**

| সপ্তাহ | দিন | ঘণ্টা | মিনিট | সেকেন্ড |
|---|---|---|---|---|
| ৬৯ | ৫ (+৭) | ১১ | ২৯ (+৬০) | ২৭ (+৬০) |
| ৩৮ (+১) | ৬ | ৭ (+১) | ৫৪ (+১) | ৪৫ |
| ৩০ | ৬ | ৩ | ৩৪ | ৪২ |

**[সেকেন্ড]** ২৭–৪৫, করা যায় না, তাই ১ মিনিট (৬০ সেকেন্ড) নিয়ে মোট (২৭ + ৬০ = ৮৭) ৮৭ থেকে বিয়োগ করি। অর্থাৎ ৮৭ − ৪৫ = ৪২।

**[মিনিট]** ২৯ − ৫৪, করা যায় না। তাই ২৯ মিনিটের সাথে ১ ঘণ্টা বা ৬০ মিনিট যোগ করা হয়েছে। ২৯ + ৬০ = ৮৯ এবং ৮৯ − (৫৪+১) = ৮৯ − ৫৫ = ৩৪।

**[ঘণ্টা]** যেহেতু ১ ঘণ্টা বেশি ধরা হয়েছে, বিয়োজ্যের ৭ ঘণ্টার সাথে ১ ঘণ্টা যোগ করা হয়েছে। ১১ − (৭ + ১) = ১১ − ৮ = ৩।

**[দিন]** ৫ − ৬, করা যায় না। ৫ দিনের সাথে ১ সপ্তাহ বা ৭ দিন যোগ করা হয়েছে। ৫ + ৭ = ১২ এবং ১২ − ৬ = ৬।

**[সপ্তাহ]** বিয়োজ্যের ৩৮ সপ্তাহের সাথে ১ সপ্তাহ যোগ করে বিয়োগের কাজ সম্পন্ন করা হয়েছে।

| বছর | মাস |
|---|---|
| ১৪ | ৫ (+১২) |
| ৯ | ৯ |
| | ৮ |

**ব্যাখ্যা:**

**[মাস]** ১ বছর = ১২ মাস নিয়ে আসায়

১২ + ৫ = ১৭

− ৯

৮

| বছর | মাস |
|---|---|
| ১৪ | ৫ |
| − ৯ (+১) | ৯ |
| ৪ | ৮ |

**[বছর]**

| | |
|---|---|
| ৯ | ১৪ |
| + ১ | - ১০ |
| ১০ | ৪ |

## ১১.২ অনুশীলনীর প্রশ্ন ও উত্তর

**১** সেকেন্ডে প্রকাশ কর :

**সমাধান :**

| ২ মিনিট = ১২০ সেকেন্ড |
|---|

**ব্যাখ্যা:** ১ মিনিট ৬০ সেকেন্ড
২ মিনিট = (৬০×২) "
= ১২০ সেকেন্ড

| ১০ মিনিট = ৬০০ সেকেন্ড |
|---|

**ব্যাখ্যা:** ১ মিনিট ৬০ সেকেন্ড
১০ মিনিট = (৬০×১০) "
= ৬০০ সেকেন্ড

| ৪ মিনিট = ২৪০ সেকেন্ড | ৫ মিনিট = ৩০০ সেকেন্ড |
|---|---|
| ১২ মিনিট = ৭২০ সেকেন্ড | ২০ মিনিট = ১২০০ সেকেন্ড |

**ব্যাখ্যা:** ১ মিনিট ৬০ সেকেন্ড
১২ মিনিট = (৬০×১২) "
= ৭২০ সেকেন্ড

**ব্যাখ্যা:** ১ মিনিট ৬০ সেকেন্ড
২০ মিনিট = (৬০×২০) "
= ১২০ সেকেন্ড

```
  ৬ ০
  ২ ০
-------
১ ২ ০ ০
```

## ২ দিনে প্রকাশ কর :

**সমাধান :**

| ৪৮ ঘণ্টা = ২ দিন | ২ সপ্তাহ = ১৪ দিন |
|---|---|
| ৭২ ঘণ্টা = ৩ দিন | ৩ সপ্তাহ = ২১ দিন |
| ১২০ ঘণ্টা = ৫ দিন | ৪ সপ্তাহ = ২৮ দিন |

## ৩ একত্রে যোগ কর এবং এদেরকে ঘণ্টা ও মিনিটে রূপান্তর কর :

**সমাধান :**

| | মিনিট | ঘণ্টা এবং মিনিট |
|---|---|---|
| ৫০ মিনিট + ৩০ মিনি | ৮০ মিনিট | ১ ঘন্টা ২০ মিনিট |
| ৩৫ মিনিট + ৩৫ মিনিট | ৭০ মিনিট | ১ ঘণ্টা ১০ মিনিট |
| ৬০ মিনিট + ৮০ মিনিট | ১৪০ মিনিট | ২ ঘণ্টা ২০ মিনিট |
| ৯০ মিনিট + ৪৫ মিনিট | ১৩৫ মিনিট | ২ ঘণ্টা ১৫ মিনিট |
| ১২০ মিনিট + ৬০ মিনিট | ১৮০ মিনিট | ৩ ঘণ্টা |

## ৪ সালমার বয়স ১০ বছর ৯ মাস এবং মিতার বয়স ১২ বছর ০ মাস। সালমা এবং মিতার বয়সের পার্থক্য কত?

**সমাধান :**

| বছর | মাস |
|---|---|
| ১২ | ০ |
| ১০ | ৯ |
| ১ | ৩ |

**রাফ :**
[মাস] ০ – ৯ না হওয়ায় ১ বছর (১২ মাস) নিয়ে আসি। ০ + ১২ = ১২
এবং ১২ – ৯ = ৩
[বছর] ১২ – ৯ = ৩

∴ সালমা এবং মিতার বয়সের পার্থক্য ১ বছর ৩ মাস

**উত্তর :** ১ বছর ৩ মাস।

## ৫ মাসুদা বেগমের ৩ মাস ৩ সপ্তাহ ১২ দিনের ছুটি পাওনা রয়েছে। তিনি ২ মাস ৪ সপ্তাহ ৩ দিনের ছুটি নিলেন। মাসুদা বেগম আরও কত দিনের ছুটি নিতে পারবেন? (১ মাস = ৩০ দিন)



**সমাধান :** মাসুদা বেগমের ছুটি পাওনা রয়েছে
= ৩ মাস ৩ সপ্তাহ ১২ দিন
= (৩ × ৩০) দিন + (৩ × ৭) দিন + ১২ দিন
= ৯০ দিন + ২১ দিন + ১২ দিন
= ১২৩ দিন

তিনি ছুটি নিলেন= ২ মাস ৪ সপ্তাহ ৩ দিন
= (২×৩০) দিন + (৪×৭) দিন +৩ দিন
= ৬০ দিন + ২৮ দিন + ৩ দিন
= ৯১ দিন

```
 দিন
 ১২৩
– ৯১
-----
  ৩২
```

মাসুদা বেগম আরও ছুটি পাবেন ৩২ দিন

**উত্তর :** ৩২ দিন।

**বিকল্প সমাধান:**

| মাস | সপ্তাহ | দিন |
|---|---|---|
| ৩ | ৩(+১) | ১২ |
| ২ | ৪ | ৩ |
| ১ | ০ | ২ |

১ মাস ২ দিন = ৩০ দিন + ২ দিন
= ৩২ দিন

মাসুদা বেগম আরও ছুটি পাবেন ৩২ দিন

**উত্তর :** ৩২ দিন।

রাফ
[দিন] ১২ – ৩ = ৯ দিন
৯ দিন = ৭ দিন + ২ দিন
= ১ সপ্তাহ + ২ দিন
[সপ্তাহ] ৩ + ১ = ৪
৪ – ৪ = ০

## পরীক্ষা প্রস্তুতি

### ❑ বহুনির্বাচনি প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক)

**শিখনফল :** সময়ের বিভিন্ন একক সম্পর্কে জানতে এবং তাদের আন্তসম্পর্কের ধারণা পাওয়া যাবে।

১. ১ মাসে কত দিন? **গ**

ক ৪৫ খ ৬০
গ ৩০ ঘ ২৪

২. ১ বছরে কত দিন? **ঘ**

ক ৩০ খ ৩০০
গ ৩৬৬ ঘ ৩৬৫

৩. ৭২ ঘণ্টায় কত দিন? **ক**

ক ৩ খ ২
গ ৪ ঘ ৫

৪. ৩৬০০ সেকেন্ডে কত ঘণ্টা? **ক**

ক ১ খ ২
গ ৩ ঘ ৬

৫. ৭০ মিনিট + ২০ মিনিট = কত? **গ**

ক ১ ঘণ্টা ১০ মিনিট
খ ১ ঘন্টা ২০ মিনিট
গ ১ ঘন্টা ৩০ মিনিট
ঘ ১ ঘন্টা ৪০ মিনিট

**ব্যাখ্যা:** ৭০ + ২০ = ৯০ = ৬০ + ৩০ = ১ ঘণ্টা ৩০ মিনিট

৬. ৬০ মিনিট + ৬০ মিনিট, হলে নিচের কোনটি সঠিক? **খ**

ক ১ ঘন্টা ৭০ মিনিট খ ২ ঘন্টা
গ ২ ঘণ্টা ১০ মিনিট ঘ ২ ঘণ্টা ২০ মিনিট

৭. ১৫ মিনিট + ২ ঘন্টা = কত মিনিট? **ক**

ক ১৩৫ খ ১৪০
গ ১৪৫ ঘ ১৫০

**ব্যাখ্যা:** ১৫ মিনিট ২ ঘণ্টা
=১৫ মিনিট + (২ × ৬০) মিনিট [১ ঘণ্টা = ৬০ মিনিট]
= ১৫ মিনিট + ১২০ মিনিট
= ১৩৫ মিনিট

৮. ৪ মাস ৭ দিনে কত দিন? (১ মাস = ৩০ দিন) **গ**

ক ১১৭ খ ১২৩
গ ১২৭ ঘ ১৩৭

**ব্যাখ্যা:** ৪ মাস ৭ দিন
= (৪ × ৩০) দিন + ৭ দিন
= ১২০ দিন + ৭ দিন
= ১২৭ দিন

**শিখনফল:** সময়ের এককের যোগ–বিয়োগ সম্পর্কে ধারণা পাওয়া যাবে।

৯. ১২ দিন ১৫ ঘণ্টার সাথে ১০ দিন ৪ ঘন্টা যোগ করলে কত হবে? **খ**

ক ১২ দিন ১৯ঘন্টা
খ ২২ দিন ১৯ ঘণ্টা
গ ২২ দিন ১৫ ঘণ্টা
ঘ ২২ ঘণ্টা

১০. ২০ দিন ২৩ ঘণ্টা থেকে ৫ দিন ১৩ ঘণ্টা বিয়োগ করলে কত হবে? **ক**

ক ১৫ দিন ১০ ঘণ্টা খ ১৫ দিন ১৩ ঘণ্টা
গ ১৫ দিন ঘ ২০ দিন

### ❑ সংক্ষিপ্ত প্রশ্নের উত্তর

➲ **সাধারণ**

**১. ১ মিনিটে কত সেকেন্ড?**

**উত্তর :** ৬০ সেকেন্ড।

**২. ১ ঘণ্টায় কত মিনিট?**

**উত্তর :** ৬০ মিনিট।

**৩. ২৪ ঘণ্টায় কত দিন?**

**উত্তর :** ১ দিন।

**৪. ১ সপ্তাহ = কত দিন?**

**উত্তর :** ৭ দিন।

**৫. ১ বছরে কত মাস?**

**উত্তর :** ১২ মাস।

➲ **যোগ্যতাভিত্তিক**

**৬. ১ ঘণ্টায় কত সেকেন্ড?**

**উত্তর :** ৩৬০০ সেকেন্ড।

**ব্যাখ্যা :** ১ ঘণ্টা = ৬০ × ৬০ = ৩৬০০ সেকেন্ড।

**৭. ৩ মিনিটে কত সেকেন্ড?**

**উত্তর :** ১৮০ সেকেন্ড।

**ব্যাখ্যা :** ৩ মিনিট = ৩ × ৬০ = ১৮০ সেকেন্ড।

**৮. ৩৬০ সেকেন্ডে কত মিনিট?**

**উত্তর :** ৬ মিনিট।

**ব্যাখ্যা :** ৩৬০ সেকেন্ড = $\frac{৩৬০}{৬০}$ = ৬ মিনিট [১ মিনিট = ৬০ সে]

**৯. ৪৮ ঘণ্টায় কত দিন?**

উত্তর : ২ দিন।

**ব্যাখ্যা :** ৪৮ ঘণ্টা = ২৪ ঘণ্টা + ২৪ ঘণ্টা
= ১ দিন + ১ দিন = ২ দিন

**১০. ২৪০ মিনিটে কত ঘণ্টা?**

**উত্তর :** ২৪০ মিনিট

**ব্যাখ্যা :** ২৪০ মিনিট = $\frac{২৪০}{৬০}$ = ৪ ঘণ্টা [১ ঘণ্টা = ৬০ মিনিট]

**১১. ৪৯ দিনে কত সপ্তাহ?**

**উত্তর :** ৭ সপ্তাহ।

**ব্যাখ্যা :** ৪৯ দিন = (৪৯ ÷ ৭) = ৭ সপ্তাহ

**১২. ২১০ দিনে কত মাস?**

**উত্তর :** ৭ মাস।

**ব্যাখ্যা :** ২১০ দিন = $\frac{২১০}{৩০}$ মাস = ৭ মাস [১ মাস = ৩০ দিন]

**১৩. ৮ দিন ১৩ ঘণ্টার সাথে ২ দিন ৫ ঘণ্টা যোগ করলে কত হবে?**

**উত্তর :** ১০ দিন ১৮ ঘণ্টা।

**১৪. ৩ ঘণ্টা ১৫ মিনিটে কত মিনিট?**

**উত্তর :** ১৯৫ মিনিট।

**ব্যাখ্যা :** ৩ ঘণ্টা + ১৫ মিনিট
= ( ৩ × ৬০) মিনিট + ১৫ মিনিট
= ১৮০ মিনিট + ১৫ মিনিট
= ১৯৫ মিনিট

❑ **কাঠামোবদ্ধ প্রশ্নোত্তর (যোগ্যতাভিত্তিক)**

**১ মাসুদা বেগমের ৩ মাস ৩ সপ্তাহ ১২ দিনের ছুটি পাওনা রয়েছে। তিনি ২ মাস ৪ সপ্তাহ ৩ দিনের ছুটি নিলেন। (১ মাস = ৩০ দিন)**

(ক) মাসুদা বেগমের ছুটি পাওয়া সময়কে মাস ও দিনে প্রকাশ কর।
(খ) মাসুদা বেগমের ছুটি নেয়ার সময়কে মাস ও দিনে প্রকাশ কর।
(গ) তিনি আরও কত মাস ও দিন ছুটি নিতে পারবেন?
(ঘ) মাসুদা বেগমের অবশিষ্ট ছুটির সময়কে ঘণ্টায় রূপান্তর কর।

**সমাধান :**

**(ক)** মাসুদা বেগমের ছুটি পাওনা রয়েছে
= ৩ মাস ৩ সপ্তাহ ১২ দিন
= ৩ মাস + (৩ × ৭) দিন + ১২ দিন
= ৩ মাস + ২১ দিন + ১২ দিন
= ৩ মাস + ৩৩ দিন
= ৩ মাস + ১ মাস + ৩ দিন

= ৪ মাস ৩ দিন

**(খ)** তিনি ছুটি নিলেন= ২ মাস ৪ সপ্তাহ ৩ দিন

= ২ মাস + (৪ × ৭) দিন + ৩ দিন

= ২ মাস + ২৮ দিন + ৩ দিন

= ২ মাস + ৩১ দিন

= ২ মাস + ১ মাস + ১ দিন

= ৩ মাস ১ দিন

**(গ)**

| মাস | দিন |
|---|---|
| ৪ | ৩ |
| ৩ | ১ |
| ১ | ২ |

মাসুদা বেগম আরও ছুটি পাবেন ১ মাস ২ দিন

**(ঘ)** মাসুদা বেগমের অবশিষ্ট ছুটি হলো ১ মাস ২ দিন।

১ মাস ২ দিন = ৩০ দিন + ২ দিন

= ৩২ দিন

= (৩২ × ২৪) ঘণ্টা

[১ দিন = ২৪ ঘণ্টা]

= ৭৬৮ ঘণ্টা

**রাফ**

৩২
× ২৪
১২৮
৬৪০
৭৬৮

——— ❀ ———